গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস, খুলনা
www.infokhulna.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.৯৭

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

বিষয়: **অক্টোবর-২০২৬ মাসের দ্বিতীয় পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।**

বিদ্যুৎ পরিস্থিতি: খুলনায় বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে ওজোপাডিকো নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করার উদ্যোগ অব্যাহত রেখেছে। পাশাপাশি জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ বৃদ্ধি, উৎপাদন সক্ষমতা উন্নয়ন এবং সৌরবিদ্যুৎসহ নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়ানোর ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।

স্থানীয় বিষয়: খুলনায় ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় হাসপাতালগুলোতে ডেঙ্গু কর্নার চালু, নিয়মিত চিকিৎসাসেবা এবং মশার লার্ভা ধ্বংসে বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ হিসেবে বিভাগীয় তথ্য অফিস, খুলনা তার প্রচার প্রচারণা সিটি কর্পোরেশন ও উপজেলা পর্যায়ে অব্যাহত রেখেছে।

পরিবেশ: খুলনায় ডেঙ্গু প্রতিরোধে সিটি কর্পোরেশন, সিভিল সার্জন কার্যালয় ও বিভাগীয় জেলা তথ্য অফিস, খুলনা সমন্বিতভাবে কাজ করছে। নগরীর ৩১টি ওয়ার্ডে লার্ভিসাইডিং, ফগিং ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার পাশাপাশি হাসপাতালগুলোতে ডেঙ্গু চিকিৎসার ব্যবস্থা এবং জনসচেতনতামূলক প্রচার চালানো হচ্ছে। পাশপাশি এসব কার্যক্রমের কার্যকারিতা বাড়াতে নিয়মিত তদারকি, সমন্বয় ও জনসম্পৃক্ততা নিশ্চিত করা হচ্ছে।

আইনশৃঙ্খলা: খুলনায় আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পুলিশ ও র‍্যাবের টহল, যৌথ অভিযান এবং অপরাধীদের গ্রেপ্তারের কার্যক্রম অব্যাহত রয়েছে। তবে ছিনতাই, কিশোর গ্যাংয়ের তৎপরতা ও বিভিন্ন সংঘর্ষের অভিযোগ জনমনে উদ্বেগ সৃষ্টি করছে। পরিস্থিতির উন্নয়নে ঝুঁকিপূর্ণ এলাকায় নজরদারি বৃদ্ধি, অপরাধের দ্রুত তদন্ত এবং আইন প্রয়োগে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে বদ্ধপরিকর খুলনা মেট্রোপলিটন পুলিশ ও জেলা প্রশাসন।

দ্রব্যমূল্য: খুলনার নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার মোটামুটি স্থিতিশীল থাকলেও সবজি, ডাল, ডিম ও মাংসসহ কয়েকটি পণ্যের দামে ওঠানামা রয়েছে। স্থানীয় বাজারগুলোতে শীতকালীন সবজির সরবরাহ বৃদ্ধি পেলেও দামের সহিষ্ণুতা এখনো আসেনি। তবে আলু, পেঁয়াজ ও রসুনের দাম তুলনামূলক স্থিতিশীল। সরবরাহ, পরিবহন ব্যয় ও পণ্যের প্রাপ্যতার পাশাপাশি কৃত্রিম সংকটের অভিযোগও বাজারদরে প্রভাব ফেলতে না পারে সেদিকে খুলনা জেলা ম্যাজিস্ট্রেট শক্তাবস্থানে রয়েছে।

নৈতিক অবক্ষয় : নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারনা অব্যাহত রয়েছে । আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

অপপ্রচার : অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কাযক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষনিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাম্বরে কল করার জন্য বলা আছে।

২৯-১০-২০২৬
গাজী জাকির হোসেন
পরিচালক
ফোন : ০২৪৭৭৭২১৮৪২
ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২
ইমেইল : ddinfoklna@gmail.com

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

স্থানীয় বিষয়: খুলনায় ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় হাসপাতালগুলোতে ডেঙ্গু কর্নার চালু, নিয়মিত চিকিৎসাসেবা এবং মশার লার্ভা ধ্বংসে বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। পাশাপাশি

